

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 20-05-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Bikram Misri :

পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রী গতকাল ভারত ও পাকিস্তানের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে বৈদেশিক নীতির বর্তমান উন্নয়ন সম্পর্কিত সংসদের স্থায়ী কমিটিকে অবহিত করেছেন। তিনি কংগ্রেস সদস্য শশী থারুরের নেতৃত্বে গঠিত কমিটিকে অপারেশন সিন্দুর এবং পাকিস্তানের সঙ্গে যুদ্ধবিরতির ঘোষণার বিষয়ে অবহিত করেন। পহেলগাম সন্ত্রাসী হামলার পর পাকিস্তান ও পাক অধিকৃত জম্মু-কাশ্মীরে সন্ত্রাসবাদী ঘাঁটিগুলোতে ভারতের পাল্টা ব্যবস্থা নেওয়ার পর এটি ছিল কোনও শীর্ষ সরকারী কর্মকর্তার সংসদীয় স্থায়ী কমিটির কাছে প্রথম ব্রিফিং। পরে শ্রী থারুর সাংবাদিকদের বলেন স্থায়ী কমিটির ২৪ জন সদস্যের সাথে বিস্তারিত আলোচনা করেছেন বিদেশ সচিব।

#####Byte-Sashi Tharur#####

Governor :

গতকাল সন্ধ্যায় রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগুর সাথে সৌজন্যমূলক সাক্ষাৎ করেন রাজ্যের নবনিযুক্ত পুলিশ মহানির্দেশক অনুরাগ। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

Shivraj Singh Chouhan :

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন সিন্ধু জল চুক্তি স্বগিত করায় রাজস্থান, হরিয়ানা, পাঞ্জাব এবং হিমাচল প্রদেশের কিছু অংশের কৃষকদের জন্য ব্যাপকভাবে উপকারী হবে। নতুনদিল্লিতে দেশের বিভিন্ন কৃষক গোষ্ঠীর সঙ্গে আলাপচারিতায় তিনি বলেন ভবিষ্যতে সকলের জন্য সর্বাধিক সুবিধা নিশ্চিত করতে এই জলের ব্যবহারের মাধ্যমে একটি বিস্তৃত কৌশল তৈরি করা হবে। তিনি সিন্ধু জলচুক্তি স্বগিত করাকে একটি ঐতিহাসিক সিদ্ধান্ত বলে অভিহিত করেন।

TRLM :

মুঙ্গিয়াকামি ব্লকে ত্রিপুরা গ্রামীণ আজীবিকা মিশনের জেলাভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণের উদ্দেশ্যে তিনদিনব্যাপী এক বিশেষ কর্মসূচি গতকাল শেষ হয়েছে। অনুষ্ঠানে খোয়াই জেলার এডিএম অভেদানন্দ বৈদ্য বলেন, ত্রিপুরা গ্রামীণ আজীবিকা মিশনের মাধ্যমে গ্রামীণ অর্থনীতি এবং মহিলাদের আত্মনির্ভর করে তোলার প্রয়াস ইতিমধ্যেই সুফল দিচ্ছে। এই ধরনের পরিকল্পিত কর্মসূচির মাধ্যমে ভবিষ্যতে আরও বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণ সম্ভব হবে।

Pottery Training-Melaghar :

আশ্বেদকর হস্তশিল্প বিকাশ যোজনার আওতায় ন্যাশনাল হ্যান্ডিক্রাফটস ডেভেলপমেন্ট কর্মসূচির অঙ্গ হিসাবে সিপাহীজলা জেলার পালপাড়ায় গতকাল থেকে ৫০ দিনব্যাপী গুরু শিষ্য হস্তশিল্প প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। মৃৎশিল্প সমবায় সমিতির হল ঘরে আয়োজিত এই কর্মশালার উদ্বোধন করেন বিধায়ক কিশোর বর্মণ।

Ratan Lal Nath :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ গতকাল বামুটিয়ায় এগ্রি ডেভেলপমেন্ট রিসার্চ ও প্রশিক্ষণ কেন্দ্রের শিলান্যাস করেছেন। এই প্রশিক্ষণ কেন্দ্রে ইন্টারনেট ও কম্পিউটার প্রজেক্টের মাধ্যমে কৃষকদের অত্যাধুনিক কৃষি প্রযুক্তির ধারণা দেওয়া হবে। মন্ত্রী বলেন এই প্রশিক্ষণ কেন্দ্র চালু হলে কৃষকরা তাদের জমির উর্বরতা বৃদ্ধি এবং অধিক ফলনের বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান অর্জন করতে পারবেন।

Administrative Camp :

সার্কুম মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল সাতচাঁদ ব্লকের দাসপাড়ায় এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে পিআরটিসি, বাৎসরিক আয় ও বিবাহের শংসাপত্র প্রদান করা হয়।

Vasha Dibas South :

গতকাল বাইখোড়ার সমভূমি পাঠাগারে আন্তর্জাতিক বাংলা ভাষা-সংস্কৃতি সমিতির পক্ষ থেকে ভাষা শহীদদের প্রতি সন্মান জানানো হয়। বিলোনিয়া সাহিত্য পরিষদ ও আন্তর্জাতিক বাংলা ভাষা পরিষদ, বিলোনিয়া শাখার উদ্যোগেও হয় ভাষা শহীদ স্মরণ সভা।

Football :

টিএফএ পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে তারা ৩-০ গোলে সবুজ সংঘকে পরাজিত করে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায় বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৩ ডিগ্রী সেলসিয়াস।
